



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ৯/ফরিদ/ ২৭৭০

তারিখ : ২০১৩/০৭/২৬

## অফিস আদেশ

বিষয় : বিদ্যালয়ে বিজ্ঞান শাখা, ব্যবসায় শিক্ষা শাখা ও কম্পিউটার শিক্ষা বিষয় খোলার অনুমতি প্রদান প্রসংগে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফরিদপুর জেলার মধুখালী উপজেলাধীন পাঁচই উচ্চ বিদ্যালয়ে ০১/০১/২০১৩ তারিখ হতে বিজ্ঞান শাখা, ব্যবসায় শিক্ষা শাখা ও কম্পিউটার শিক্ষা বিষয় খোলার অনুমতি প্রদান করা হলো।

শর্ত : বিজ্ঞান শাখায় শিক্ষার্থী আরো বৃদ্ধি করতে হবে। অন্যথায়, এ আদেশ বাতিল করা হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ

মোঃ শাহেদুল খবির চৌধুরী  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,  
ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক  
পাঁচই উচ্চ বিদ্যালয়,  
পোঃ- মাকড়াইল, উপজেলা- মধুখালী,  
জেলা- ফরিদপুর।

গোমো নং- ২৭৭০ (৫)

তারিখ : ২০১৩/০৭/২৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। পরিচালক, বেনবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর।
- ৫। অফিস কপি।

২৩.১০.১৩

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,  
ঢাকা।

(M)  
২৩.১০.১৩

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

নং- ৯/ফরিদ/ ১৫০১

তারিখ : ০২/০১/২০০৬

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক,  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক,  
পাঁচই উচ্চ বিদ্যালয়,  
পোঃ- মাকড়াইল, উপজেলা- মধুখালী, জেলা- ফরিদপুর।


বিষয় : নবম শ্রেণী খোলার প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

এতদ্বারা বিদ্যালয় কর্তৃপক্ষকে আদিষ্ট হইয়া জানানো যাইতেছে যে, উক্ত বিদ্যালয়ে নবম শ্রেণী খোলার লক্ষ্যে মৌলিক শর্তাবলী পূরণ করায় প্রচলিত সাধারণ শর্তে নিম্নবর্ণিত বিষয়সমূহ পড়ানোর অনুমোদনসহ ০১/০১/২০০৬ ইং তারিখ হইতে ৩১/১২/২০০৮ ইং তারিখ পর্যন্ত ৩ (তিন) বছরের জন্য মানবিক শাখার নবম শ্রেণী খোলার প্রাথমিক অনুমতি প্রদান করা হইল।

- ১। আবশ্যিক বিষয় সমূহ : (ক) বাংলা, (খ) ইংরেজী, (গ) গণিত, (ঘ) ধর্ম শিক্ষা, (ঙ) সাধারণ বিজ্ঞান,
- ২। নৈর্ব্যক্তিক বিষয় সমূহ : পাঠ্যক্রম অনুযায়ী।  
যে কোন ৩টি
- ৩। ঐচ্ছিক বিষয় : ১  
যে কোন ১টি

## শর্তসমূহ :

- ১। নবম শ্রেণী খোলার অনুমতিকে প্রথম পর্যায়ে ৩ (তিন) বছরের জন্য পাঠদানের অনুমতি বলিয়া গণ্য করিতে হইবে। কোন অবস্থাতেই ইহাকে স্বীকৃতি হিসাবে গণ্য করা যাইবে না।
- ২। পত্র পাওয়ার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিদ্যালয়ের জন্য বিধি মোতাবেক একটি এডহক কমিটি গঠনের প্রস্তাব বোর্ডে পাঠাইতে হইবে।
- ৩। বিদ্যালয়ের নবম/০৬ সনের ছাত্র/ছাত্রীদের নাম রেজিস্ট্রেশনের জন্য বোর্ডে যোগাযোগ করিতে হইবে।
- ৪। বিদ্যালয়ের কম্পিউটার কোড নম্বর প্রাপ্তির জন্য বিদ্যালয়ের নাম ঠিকানা ইংরেজী ক্যাপিটাল লেটারে লিখিয়া সহকারী বিদ্যালয় পরিদর্শক (রেজিস্ট্রেশন) বরাবরে দাখিল করিতে হইবে।
- ৫। এস.এস.সি. পরীক্ষা পাশের ফলাফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত হইলে প্রথম স্বীকৃতি প্রাপ্তির জন্য বোর্ডের সচিবের অনুকূলে ফি বাবদ ৩,০০০/- (তিন হাজার) টাকার জমা দেওয়ার পর ০১/০১/২০০৯ ইং তারিখ হইতে প্রথম স্বীকৃতি প্রদানের বিষয় বিবেচনা করা হইবে।
- ৬। স্টাফিং প্যাটার্ন অনুযায়ী বিদ্যালয়ে শিক্ষক/শিক্ষিকা নিয়োগ করিতে হইবে। বিদ্যালয়ের কর্মরত শিক্ষকদের পর্যায়ক্রমে প্রশিক্ষণে পাঠাইতে হইবে।
- ৭। বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলের টাকা বোর্ডের অনুমতি ব্যতীত উত্তোলন করা যাইবে না।
- ৮। ছাত্র/ছাত্রীর সংখ্যা বৃদ্ধি করাসহ শিক্ষার গুণগত মান বৃদ্ধি করিতে হইবে।
- ৯। বিদ্যালয়ের আঙ্গিনায় ছোট-বড় বৃক্ষ রোপন করে পরিচর্যা ব্যবস্থা করিতে হইবে।

  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

মেমো নং-

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। পরিচালক, পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, টেক্সট বুক বোর্ড ভবন, মতিঝিল, ঢাকা-১২০৬।
- ৪। জেলা প্রশাসক, ফরিদপুর।
- ৫। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর।
- ৮। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট, ঢাকা শিক্ষা বোর্ড, কম্পিউটার সেন্টার, ১২/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯।

তারিখ : ০২/০১/২০০৬